


যুগ্মাত্য

ছাত্রলীগ নেতার বিরুদ্ধে শিক্ষকের মানহানি মামলা

প্রতিবাদে ইবিতে বিক্ষোভ প্রধান ফটকে তালা

প্রকাশ : ২৯ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



ইবি প্রতিনিধি

ইসলামী বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের এক নেতার বিরুদ্ধে মানহানি মামলা করার প্রতিবাদে ক্যাম্পাসে বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। মামলা প্রত্যাহার দাবিতে সোমবার ক্যাম্পাসের প্রধান ফটকে তালা দেন ছাত্রলীগের পদবধিত গ্রহণের নেতাকর্মীরা।

জানা যায়, সাবেক প্রফেসর ড. মাহবুব রহমানকে শিক্ষক নিয়োগ বাণিজ্যের মূলহোতা, ছাত্রলীগের মিছিলে গুলির নির্দেশদাতা, শিক্ষার্থীদের হৃষকিদাতা আখ্যায়িত করার অভিযোগে ছাত্রলীগের সাবেক নেতা মিজানুর রহমান লালনের বিরুদ্ধে ১০০ কোটি টাকার মানহানি মামলা করা হয়। একটি বেসরকারি টিভি চ্যানেলের লাইভে এসব অভিযোগ করেন ছাত্রলীগের সাবেক কমিটির ছাত্রবিষয়ক সম্পাদক লালন। অভিযোগের ২৪ দিন পর ছাত্রলীগ নেতার বিরুদ্ধে এ মামলা করেন ড. মাহবুব রহমান। ১৭ অক্টোবর কুষ্টিয়ার সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট ইবি আমলি আদালতে তিনি বাদী হয়ে এ মামলা করেন। মামলায় বেসরকারি টিভি চ্যানেল ডিবিসি নিউজের প্রধান সম্পাদক মুনজুরুল ইসলামকেও আসামি করা হয়। এদিকে বিক্ষোভকর্মীরা ফটক আটকে রাখায় কুষ্টিয়া-ঝিনাইদহ রুটের শিক্ষক-শিক্ষার্থী বহনকারী ২টার শিফটের বাসগুলো আটকা পড়ে। পরে ভিসি ড. রাশিদ আসকারী বাদী ও বিবাদীর সঙ্গে বসে বিষয়টি সমাধানের চেষ্টা করবেন এমন আশ্বাসে তালা খুলে দেন নেতাকর্মীরা।

থানা সূত্রে জানা যায়, ২৩ সেপ্টেম্বর ডিবিসি চ্যানেলে ‘মানচিত্র : বিশ্ববিদ্যালয়গুলোতে অস্ত্রিতা’ বিষয়ক লাইভ অনুষ্ঠানে সাক্ষাৎকারে শিক্ষকের বিরুদ্ধে উল্লিখিত অভিযোগগুলো করেন ছাত্রলীগ নেতা লালন।

খোঁজ নিয়ে জানা যায়, এর আগে ড. মাহবুব রহমান বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ও শিক্ষক সমিতি বরাবর অভিযোগ করে এ ঘটনার বিচার দাবি করেছেন।

মামলার বিবাদী মিজানুর রহমান লালন বলেন, আমার বিরুদ্ধে যে মামলা করেছে তা টিকবে না। আমার কাছে যে তথ্য-প্রমাণ রয়েছে তা আদালতে পেশ করলে তার করা মামলা মিথ্যা প্রমাণিত হবে।

বাদী ড. মাহবুব রহমান বলেন, আমার বিরুদ্ধে উত্থাপিত অভিযোগগুলোর তথ্য-প্রমাণ দিতে পারলে আমি বিশ্ববিদ্যালয় ছেড়ে চলে যাব।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএআর : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার
বেআইনি।